দৈনিক বাংলা

তারিখ 25 APR 1997
পৃঃ 2 কলাম 7

০।

# বেসরকারী শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট মে মাসে চালু হবে

সরকার মে মাস থেকে বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট পুনরায় চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ১৯৯১ সালে এক সরকারী নির্দেশ বলে এ ট্রাস্টের কার্যক্রম স্থগিত করে দেয়া হয়েছিল। বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের কল্যাণ সাধণের লক্ষ্যে ১৯৯০ সালে এ ট্রাস্ট গঠিত হয়েছিল।

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বেসরকারী শিক্ষক-কর্মচারীদের আগামী মে মাসের বেতনের সরকারী অংশ থেকে কল্যাণ ট্রাস্ট খাতে চাঁদা কর্তনের জন্য বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন। খবর তথ্য বিবরণীর।

বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট পরিচালনা সংক্রান্ত নীতিমালা বেসরকারী শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে পরামর্শক্রমে চূড়ান্ত করা হবে।

উল্লেখ্য, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ এবং মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বেসরকারী শিক্ষক

(প্রথম পৃষ্ঠার পর)

আহমদের নেতৃত্বে একটি প্রতিনিধিদল গত ১৫ ফেব্রুয়ারী শিক্ষামন্ত্রীর সঙ্গে এক বৈঠককালে কল্যাণ ট্রাস্ট চালু করার দাবী জানালে মন্ত্রী তা কার্যকর করার প্রতিশ্রুতি দেন।